কালের কণ্ঠ

তারিখ : 26 JAN 2014
পৃষ্ঠা : ৩ কলাম : ২

সেমিনারে ড. আনোয়ার হোসেন

# বিশ্ববিদ্যালয়ে মেধাচর্চায় বাধা শিক্ষকরা

**জবাবদিহিতার জন্য অধ্যাদেশে পরিবর্তন দরকার**

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▶**

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষার্থীদের মেধাচর্চার জায়গা হলেও শিক্ষকরাই এতে বাধা হিসেবে কাজ করছেন। শিক্ষকরা আইন লঙ্ঘন করলেও তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয় না—এমন অভিমত ব্যক্ত করে শিক্ষকদের জবাবদিহিতার জন্য ১৯৭৩ সালের অধ্যাদেশে পরিবর্তন আনা দরকার বলে মন্তব্য করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আনোয়ার হোসেন।

গতকাল শনিবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'উচ্চশিক্ষা মেধাচর্চা ও মেধাপাচার' শীর্ষক এক সেমিনারে ড. আনোয়ার হোসেন এসব কথা বলেন। জার্নি একাডেমিয়া নামক সংগঠন আয়োজিত এই সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন ও বিভিন্ন আন্দোলনের দুর্লভ ছবি নিয়ে নির্মিত 'অক্সফোর্ড অব দ্য ইস্ট' নামের একটি অ্যালবাম প্রকাশ করা হয়।

সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী বলেন, 'আগের সময়ের ছাত্র-শিক্ষক সম্পর্ক বর্তমানে নেই। এতে করে শিক্ষকরা ছাত্রদের দুর্বলতা ধরতে পারেন না। পদ-পদবির লোভে শিক্ষকরা সব কিছু ভুলে যাচ্ছেন। নৈতিকতা বিসর্জন দিয়ে, দেশ ও সভ্যতার কথা বাদ দিয়ে নিজের জন্য কাজ করছেন।' তিনি বলেন, 'মেধাবীরা যাঁরা দেশের বাইরে চলে যাচ্ছেন, তাঁদের ফিরিয়ে এনে দেশেই রাখার ব্যবস্থা করতে হবে।'

সেমিনারে বক্তারা বলেন, দেশে মেধা বিকাশের সুযোগ ও চাকরির বাজারের সীমাবদ্ধতার কারণে ও দেশপ্রেমের অভাবে মেধা পাচার হচ্ছে। এতে দেশ ক্রমেই মেধাশূন্য হতে চলেছে। বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এস এম এ ফায়েজ বলেন, 'অত্যন্ত মেধাবীরা এখানে ভর্তি হচ্ছে। তবে মেধাচর্চার যথাযথ পরিবেশ দেওয়া সম্ভব হয় না। অনেক প্রতিকূল পরিবেশের মুখোমুখি হয়েও তারা মেধার স্বাক্ষর রাখছে।'

অগ্রণী ব্যাংকের চেয়ারম্যান অধ্যাপক ড. খন্দকার বজলুল হকের সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডাকসুর সাবেক ভাইস প্রেসিডেন্ট মাহফুজা খানম, ইউআইটিএস'র উপ-উপাচার্য অধ্যাপক ড. সাইফুল ইসলাম খান, সমকালের সহযোগী সম্পাদক অজয় দাশগুপ্ত প্রমুখ।